

আজ থেকে ফের ক্লাস বয়কট

স্টাফ রিপোর্টার : আজ, শুক্রবার থেকে ফের বি.ই কলেজের ছাত্ররা ক্লাস বয়কটের পথে। বৃহস্পতিবার ক্লাস বয়কট স্থগিত রাখা হলেও আজ থেকে যে আন্দোলন ফের পুরোমাত্রায় চলবে, তা স্পষ্ট জানিয়ে দিয়েছেন বি.ই কলেজ স্টুডেন্টস ইউনিয়নের মুখপাত্র অভিজ্ঞান বেরা। এদিকে, বৃহস্পতিবার জাতীয় গুরুত্বপূর্ণ শিক্ষা প্রতিষ্ঠান সংক্রান্ত একটি রিভিউ কমিটির সদস্যরা বি.ই কলেজে আসেন। কেন্দ্রীয় মানবসম্পদ উন্নয়ন দফতরের সচিব সুদীপ বন্দ্যোপাধ্যায় সহ কমিটির সদস্যরা এদিন ক্লাসে ক্লাসে ছাত্র-ছাত্রীদের সঙ্গে কথা বলেন। কমিটির সদস্যদের আগমনের দরুন ছাত্ররা এদিন ক্লাস বয়কট স্থগিত রেখেছিলেন। ক্লাস করেছেন কিন্তু উপস্থিতির বিষয়টি খাতায় কলমে লেখা হয়নি। কলেজে বিশৃঙ্খলা নিয়ে প্রশ্ন করা হলে সুদীপ বন্দ্যোপাধ্যায় জানান, এটি রাজ্য সরকার দেখছে। তিনি কিছুই বলবেন না। বি.ই কলেজের রেজিস্ট্রার অধ্যাপক ইন্দ্রনাথ সিনহা বলেন, আজ, শুক্রবার আন্দোলনরত ছাত্রদের সঙ্গে বৈঠকে বসবে কর্তৃপক্ষ। এদিকে, র্যাগিংয়ে অভিযুক্ত আট ছাত্রের বিরুদ্ধে এক লক্ষ টাকার যে বন্ড দেওয়ার নির্দেশ, তা নিয়ে আইনজীবী মহলে বিতর্ক উঠেছে। অবশ্য, জেলা প্রশাসন এই রায়কে স্বাগত জানিয়েছে। অভিযুক্তরা ভবিষ্যতে কলেজে শান্তি শৃঙ্খলা বজায় রাখবে, এই মর্মে ওই এক লক্ষ টাকার বন্ড দেবে। তার মানে এই নয় যে তাদের এক লক্ষ টাকা করে দিতে হবে। ফের যদি তারা এই ধরনের ঘটনায় জড়িয়ে পড়ে তবেই ওই অর্থ দেওয়ার বিষয়টি আসবে।

স্টাফ
গঙ্গা
ডি
মে
তাই
এল
সে
খাব
মুকু
বে